



জাতীয় সংসদ নির্বাচন গণতান্ত্রিক রূপান্তরের জন্য গুরুত্বপূর্ণ: আলী রিয়াজ



সংগৃহীত ছবি

বাংলাদেশের গণতান্ত্রিক রূপান্তর অনেকটাই নির্ভর করছে আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের সফলতার ওপর— এমন মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক আলী রিয়াজ।

বুধবার (২৮ জানুয়ারি) সকালে রাজধানীর গুলশানে বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউট আয়োজিত এক গোলটেবিল বৈঠকে তিনি বলেন, জাতীয় নির্বাচন ও গণভোট নিয়ে মতভেদ থাকলেও এবারের নির্বাচন আগের ১২টি নির্বাচনের মতো নয়; এই প্রক্রিয়াই দেশের গণতন্ত্রের ভবিষ্যৎ নির্ধারণ করবে।

আলী রিয়াজের মতে, অতীতে রাষ্ট্র সংস্কারের সুযোগ তৈরি হলেও রাজনৈতিক দলগুলোর ব্যর্থতায় গণতন্ত্রের স্থায়ী ভিত্তি গড়ে ওঠেনি। গণতান্ত্রিক রূপান্তরে অন্তর্বর্তী সরকারের ভূমিকা সীমিত, এখানে রাজনৈতিক দলগুলোর দায়িত্বই মুখ্য।

একই আলোচনায় জামায়াতে ইসলামীর মুখপাত্র অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের বলেন, ফ্যাসিবাদ ও তার সহযোগী গোষ্ঠী ছাড়া কেউ সংস্কারের প্রয়োজন অস্বীকার করে না। তিনি অভিযোগ করেন, দেশের বিভিন্ন স্থানে জামায়াতের নারী কর্মীদের ওপর হামলার ঘটনা ঘটছে এবং এর পেছনে চাঁদাবাজ চক্র জড়িত।